

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

ফার্মগেট, ঢাকা-১২১৫

www.barc.gov.bd

বাংলাদেশ GAP প্রোটোকল: আম ইংরেজি ভাষায় অনুবাদের জন্য গঠিত কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মোঃ আবদুছ ছালাম
সদস্য পরিচালক (শস্য) ও
আহবায়ক GAP ইউনিট, বিএআরসি।
স্থান : সভাকক্ষ-২, বিএআরসি।
তারিখ : ১৫ সেপ্টেম্বর ২০২৫।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।


সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করে বলেন, বাংলাদেশে GAP বাস্তবায়নে বিএআরসি বাংলাদেশ GAP এর Scheme Owner (SO) হিসেবে ইতোমধ্যে ১৫টি নির্বাচিত ফসলের প্রোটোকল বাংলায় প্রণয়ন করেছে। বিশ্ব ব্যাংকের চাহিদার আলোকে চলতি অর্থবছরে ২টি প্রোটোকল (আম ও আলু) ইংরেজি ভাষায় অনুবাদ করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ GAP প্রোটোকল: আম ও বাংলাদেশ GAP প্রোটোকল: আলু ইংরেজি ভাষায় অনুবাদের জন্য ২টি পৃথক কমিটি গঠন করা হয়েছে। কমিটি নির্ধারিত সময়ের মধ্যে অনুবাদ কার্যক্রম সম্পন্ন করার আশা ব্যক্ত করে সভাপতি ড. মিয়া সাঈদ হাসান, GAP প্রোটোকল ডেভেলপমেন্ট এন্ড ট্রেনিং কনসালটেন্ট, PARTNER, এপিসিইউ-বিএআরসিকে আমের প্রোটোকল অনুবাদ কার্যক্রম শুরু করার আহ্বান জানান। ড. হাসান আমের প্রোটোকলের দুই তৃতীয়াংশের অনুবাদের প্রাথমিক খসড়া সভায় উপস্থাপন করে আলোচনার সূত্রপাত করেন। পরবর্তীতে কমিটির সদস্যগণ খসড়াটির ওপর মতামত ব্যক্ত করেন।

২.০ সিদ্ধান্ত

সভায় অংশগ্রহণকারীদের মধ্যে উন্মুক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ২.১। বাংলায় প্রণয়নকৃত বাংলাদেশ GAP প্রোটোকল: আম ইংরেজি ভাষায় হুবহু একই ফরমেটে অনুবাদ করা হবে।
- ২.২। প্রোটোকলের খসড়া অনুবাদ অংশ কমিটির সদস্য ড. আমজাদ হোসেন, বিশিষ্ট উদ্যানতত্ত্ববিদ ও প্রাক্তন মহাপরিচালক, বিনা ও ড. মো শরফউদ্দিন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ফল বিভাগ, বারি, চাপাইনবাবগঞ্জ এডিট করে ড. মিয়া সাঈদ হাসান, GAP প্রোটোকল ডেভেলপমেন্ট এন্ড ট্রেনিং কনসালটেন্ট, PARTNER, এপিসিইউ-বিএআরসি এর নিকট আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে প্রেরণ করবেন।
- ২.৩। অক্টোবর মাসে অনুষ্ঠিত কমিটির ২য় সভায় প্রোটোকলের শেষ অংশ এবং মাটি ও পানির মানমাত্রার অনুবাদ নিয়ে আলোচনা করা হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মোঃ আবদুছ ছালাম

সদস্য পরিচালক (শস্য) ও

আহবায়ক GAP ইউনিট, বিএআরসি